গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাথরঘাটা, বরগুনা।
(www.patharghata.barguna.gov.bd)

## হাট-বাজার ইজারা বিষয়ক দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের নং ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ২১ সেপ্টেম্বর ২০১১ তারিখের মাধ্যমে সরকারি হাট-বাজার সমূহের ইজারা পদ্ধতি, ব্যবস্থাপনা সংক্রান্ত প্রাপ্ত সর্বশেষ নীতিমালা অনুযায়ী পাথরঘাটা উপজেলাধীন তফশীল বর্ণিত হাট-বাজারসমূহে বাংলা ১৪২৮ সনের (১লা বৈশাখ ১৪২৮ হতে ৩০ শে চৈত্র ১৪২৮) জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে টোল আদায়ের নিমিত্ত ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তি / প্রতিষ্ঠানের নিকট হতে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রতিটি হাটের জন্য পৃথক পৃথক ভাবে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী সকাল ৯:০০ ঘটিকা হতে বেলা ১২:০০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), বরগুনা, পুলিশ সুপারের কার্যালয়, বরগুনা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাথরঘাটা এবং সহকারী কমিশনার (ভূমি), পাথরঘাটা এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে। দরপত্রসমূহ উল্লেখিত দপ্তর থেকে প্রাপ্তি সাপেক্ষে খোলা হবে। দরপত্রের সিডিউল দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), বরগুনা; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় পাথরঘাটা; সহকারী কমিশনার (ভূমি), পাথরঘাটা এর কার্যালয়, পাথরঘাটা থানা এবং সোনালী ব্যাংক, পাথরঘাটা শাখা হতে সংশ্লিষ্ট হাট-বাজারের নামের পার্শ্বে উল্লেখিত পরিমাণ অফেরতযোগ্য নগদ মূল্য দ্বারা ক্রয় করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। উল্লেখ্য, যে কোন পর্যায়ে বর্ণিত যে কোন হাটবাজারের দাখিলকৃত দর গ্রহণযোগ্য হলে পরবর্তী পর্যায়ে উক্ত হাট-বাজারের দরপত্র কার্যক্রম বন্ধ থাকবে।

## হাট-বাজারের তালিকা, সিডিউল ও সম্ভাব্য মূল্যঃ

| ক্রমিক নম্বর | হাট-বাজারের নাম | ইউনিয়ন | দরপত্র সিডিউলের মূল্য | বাংলা ১৪২৮ সনের সম্ভাব্য মূল্য |
|---|---|---|---|---|
| ০১. | লেমুয়া হাট | রায়হানপুর | ১,২০০/- | ২,১০,৪১০/- |
| ০২. | মিয়ার হাট | রায়হানপুর | ৫০০/- | ২৭,১৮৯/- |
| ০৩. | পিপুলিয়ার হাট | রায়হানপুর | ৫০০/- | ৬২,৯৬৭/- |
| ০৪. | নাচনাপাড়া হাট | নাচনাপাড়া | ৮,০০০/- | ৩৬,৮৩,৭৭৮/- |
| ০৫. | মানিকখালী হাট | নাচনাপাড়া | ৫০০/- | ৯,৯৩০/- |
| ০৬. | বাঁশতলা হাট | নাচনাপাড়া | ৫০০/- | ২০,৬২৪/- |
| ০৭. | কুঞ্জপুর হাট | নাচনাপাড়া | ৫০০/- | ৪২৪/- |
| ০৮. | চরদুয়ানী হাট | চরদুয়ানী | ১,৬০০/- | ৪,৩২,৩০৩/- |
| ০৯. | খলিফার হাট | চরদুয়ানী | ৫০০/- | ৫০,৮৫১/- |
| ১০. | হোগলাপাশা বাসস্ট্যান্ড বাজার | চরদুয়ানী | ১,২০০/- | ২,১৯,৭৯৪/- |
| ১১. | বাদুরতলা হাট | পাথরঘাটা | ৫০০/- | ৭,৬২৯/- |
| ১২. | হাতেমপুর হাট | পাথরঘাটা | ৫০০/- | ৬,৬০১/- |
| ১৩. | টেংরা হাট | পাথরঘাটা | ৫০০/- | ৮৭,৬৬০/- |
| ১৪. | পদ্মা হাট | পাথরঘাটা | ৫০০/- | ২৬,৪৮২/- |
| ১৫. | আমিরাবাদ | পাথরঘাটা | ৫০০/- | ১০৬/- |
| ১৬. | কালমেঘা হাট | কালমেঘা | ১,২০০/- | ২,৫১,২৪২/- |
| ১৭. | মুন্সির হাট | কালমেঘা | ২,০০০/- | ৬,১০,২০৭/- |
| ১৮. | ঘুটাবাছা হাট | কালমেঘা | ৫০০/- | ২০,৯১৮/- |
| ১৯. | কাঞ্চুর হাট | কালমেঘা | ৫০০/- | ১০,২৫৮/- |
| ২০. | কাজির হাট | কাকচিড়া | ৫০০/- | ১২,৫০৮/- |
| ২১. | কাকচিড়া হাট | কাকচিড়া | ২,৬০০/- | ৯,৩২,২৬০/- |
| ২২. | রূপধন হাট | কাকচিড়া | ৫০০/- | ৩০,১৪৯/- |
| ২৩. | ফকির হাট | কাকচিড়া | ৫০০/- | ২২,১৫৭/- |
| ২৪. | কাটাখালীর হাট | কাকচিড়া | ৫০০/- | ৪৮,০৮৯/- |
| ২৫. | কাঁঠালতলী হাট | কাঠালতলী | ৫০০/- | ৪,৮৩৪/- |
| ২৬. | তালুকের চরদূয়ানী হাট | কাঠালতলী | ৫০০/- | ১১,৮৫৩/- |
| ২৭. | ছফিলপুর হাট | কাঠালতলী | ৫০০/- | ৩২৫/- |
| ২৮. | কামারের হাট | কাঠালতলী | ২,৪০০/- | ৮,৯৩,৬৩৩/- |
| ২৯. | আজিজাবাদ | কাঠালতলী | ৫০০/- | ৫৩০/- |

## ক্যালেন্ডার

| পর্যায় নম্বর | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় (সকল কার্যালয়ে) | দরপত্র জমা দেয়ার তারিখ ও সময় (সকল কার্যালয়ে) | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় (অত্র কার্যালয়ে) |
|---|---|---|---|
| ১ম | ০৩/০২/২০২১ হতে ১৬/০২/২০২১তারিখ (অফিস চলাকালীন সময়) পর্যন্ত | ১৭/০২/২০২১ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত | ১৭/০২/২০২১ তারিখ বেলা ০২.৩০ ঘটিকা |
| ২য় | ২৫/০২/২০২১ হতে ০৩/০৩/২০২১ তারিখ (অফিস চলাকালীন সময়) পর্যন্ত | ০৪/০৩/২০২১ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত | ০৪/০৩/২০২১ তারিখ বেলা ০২.৩০ ঘটিকা |
| ৩য় | ১৫/০৩/২০২১ হতে ৩০/০৩/২০২১তারিখ (অফিস চলাকালীন সময়) পর্যন্ত | ৩১/০৩/২০২১ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত | ৩১/০৩/২০২১ তারিখ বেলা ০২.৩০ ঘটিকা |

## বাংলা ১৪২৮ সনের হাট-বাজার ইজারার শর্তাবলী:

১. ১৪২৮ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২. দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, পাথরঘাটা এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে, অন্যথায় জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক হাটটি পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অঙ্ক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের ইজারা মূল্য (সরকারি মূল্য) হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক পর্যায়ের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য পর্যায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা সংবলিত দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬. প্রযোজ্য ক্ষেত্রে হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮. ইতোপূর্বে ইজারার কোন টাকা বকেয়া থাকলে চলতি ইজারায় অংশগ্রহণ করা যাবে না।

১৯. শর্তাবলীতে উল্লেখ না থাকার কোন পরিস্থিতি উদ্ভব হলে সেক্ষেত্রে সরকারি সংশ্লিষ্ট বিধিবিধান অনুসরণ করা হবে।

২০. কোন হাট ইজারা না হলে তা সরকারি বিধি মোতাবেক খাস আদায়ের অন্তর্ভুক্ত হবে।

২১. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২২/০১/২১

(সাবরিনা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
পাথরঘাটা, বরগুনা।
ফোন: ০৪৪৫৫-৭৫০১৪

স্মারক নম্বর-০৫.১০.০৪৮৫.০১০.০১.০০৭.২০-৭৭

তারিখ: ০৮ মাঘ ১৪২৭ / ২২ জানুয়ারি ২০২১ ।

**সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিপ্রেরণ করা হলো(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ১১০, বরগুনা-২

০২. মাননীয় জাতীয় সংসদ সদস্য ৩১৫, মহিলা আসন-১৫

০৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

০৫. জেলা প্রশাসক, বরগুনা।

০৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরগুনা।

০৭. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বরগুনা।

০৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা, বরগুনা।

০৯. উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর/আমতলী/বেতাগী/বামনা/তালতলী, বরগুনা।

১০. মেয়র, বরগুনা/আমতলী/পাথরঘাটা/বেতাগী পৌরসভা, বরগুনা।

১১. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা, বরগুনা।

১২. সহকারি কমিশনার (ভূমি), বরগুনা/আমতলী/পাথরঘাটা/বামনা/বেতাগী/তালতলী। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৩. অফিসার ইনচার্জ, পাথরঘাটা থানা, বরগুনা।

১৪. উপজেলা ..........................................................কর্মকর্তা, পাথরঘাটা, বরগুনা।

১৫. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, পাথরঘাটা। [বিজ্ঞপ্তিটি অত্র কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]

১৬. চেয়ারম্যান, রায়হানপুর/নাচনাপাড়া/চরদুয়ানী/পাথরঘাটা/কালমেঘা/কাকচিড়া/কাঠালতলী ইউনিয়ন পরিষদ, পাথরঘাটা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৭. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি:, পাথরঘাটা শাখা, বরগুনা।

১৮. সম্পাদক, ................................................। উপরোক্ত বিজ্ঞপ্তিটি ৩ কলামে ১৩ ইঞ্চি আকারে তার পত্রিকায় পরবর্তী সংখ্যায় একবার মাত্র প্রকাশের এবং প্রকাশিত বিজ্ঞপ্তির ০৫ কপি পত্রিকা বিল ভাউচারসহ অত্রাফিসে দাখিলের জন্য অনুরোধ জানানো হলো।

১৯. ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা, পাথরঘাটা/আমড়াতলা/লেমুয়া/চরদুয়ানী, পাথরঘাটা, বরগুনা। তার অধিক্ষেত্রের সকল হাট-বাজারে বিজ্ঞপ্তিটি মাইকযোগে/ঢোলসহরত পূর্বক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

২০. সচিব, রায়হানপুর/নাচনাপাড়া/চরদুয়ানী/পাথরঘাটা/কালমেঘা/কাকচিড়া/কাঠালতলী ইউনিয়ন পরিষদ, পাথরঘাটা ।

২১. সভাপতি/সম্পাদক/ইজারাদার ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... হাট, পাথরঘাটা, বরগুনা।

২২. নোটিশ বোর্ড, . ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...।

২৩. অফিস নথি।